MAR 1 7 2002

যুগান্তর

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

MAR 1 8 2002

ডেমরায় মহিলা মাদ্রাসায় আগুন : ৯ ছাত্রী পুড়ে ছাই



ডেমরার ছনটেকে অগ্নিকাণ্ডে ভস্মীভূত মহিলা মাদ্রাসা -যুগান্তর

যুগান্তর রিপোর্ট

রাজধানীর ডেমরায় শুক্রবার গভীর রাতে একটি মহিলা মাদ্রাসায় ভয়াবহ অগ্নিকাণ্ডে ৯ জন আবাসিক ছাত্রীর মর্মান্তিক মৃত্যু হয়েছে। আহত হয়েছে অর্ধশতাধিক ছাত্রী। মৃত ছাত্রীরা সবাই শিশু-কিশোরী। নয় ছাত্রী পুড়ে অঙ্গার হয়ে গেছে। কাউকে শনাক্ত করা যাচ্ছে না। ফায়ার ব্রিগেড ৩ ঘণ্টা চেষ্টা করে আগুন নিয়ন্ত্রণে আনলেও মাদ্রাসাটির অবশিষ্ট কিছুই নেই। পরিণত হয়েছে বিরানভূমিতে। শুক্রবার গভীর রাতে ডেমরার ছনটেক জামেয়া ইসলামিয়া আশরাফুল উলুম মহিলা মাদ্রাসা ও এতিমখানায় এ ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। এ ঘটনার পর গত রাতে ডেমরার বিভিন্ন স্থানে

শর্ট সার্কিট না নাশকতা?

অভিযান চালিয়ে পুলিশ ২২ জনকে গ্রেফতার করেছে। থানা পুলিশের পাশাপাশি ডিবি পুলিশ এ ঘটনা তদন্তে নেমেছে। মাদ্রাসায় প্রায় ৩০০ শিশু-কিশোরী ছাত্রী ও এতিম ছিল। প্রধান ফটকে তালা থাকায় কেউ বের হতে পারেনি। ফায়ার ব্রিগেড প্রাথমিকভাবে বলেছে, বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে অগ্নিকাণ্ডের সূত্রপাত। কিন্তু মাদ্রাসা কমিটি সূত্র জানিয়েছে, মাদ্রাসার জমি দখলের জন্য অগ্নিসংযোগ করা হয়েছে। এটা নাশকতা। এ ব্যাপারে থানায় একটি মামলা দায়ের করা হয়েছে। হতভাগ্য নয় শিশু-কিশোরীর পরিচয় পাওয়া যায়নি। আহত অগ্নিদগ্ধদের মধ্যে ১২ জনকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ও ২ জনকে পঙ্গু হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন আগুন : পৃষ্ঠা : ২ কলাম : ৪